

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

পরিকল্পনা ১ শাখা

বিষয়ঃ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের আগস্ট ২০১৭ মাসের বাস্তবায়ন অগ্রগতি  
পর্যালোচনা সভার কার্যবিবরণী।

২৫/৯/২০১৭ তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের আগস্ট ২০১৭ মাসের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত করেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান। সভায় উপস্থিত ছিলেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব জনাব মো: আনিষুর রহমান।

২। সভায় উপস্থিত কর্মকর্তাবৃদ্ধের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযোজিত।

৩। সভাপতি তাঁর সূচনা বক্তব্যে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় অবহিত করা হয় যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় চলতি ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিতে ০৬টি অনুমোদিত এবং ১৬টি অননুমোদিত প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। ২০১৭-১৮ অর্থ বছরে অনুমোদিত প্রকল্পসমূহের অনুকূলে বরাদ্দ রয়েছে ৩০৩২৭.০০ লক্ষ টাকা এবং থেকে বরাদ্দ রয়েছে ১০৯৬৩.০০ লক্ষ টাকা। আগস্ট, ২০১৭ পর্যন্ত অবমুক্ত হয়েছে ৮৪৮৭.৮২ লক্ষ টাকা (২৫.৪৭%) এবং উক্ত সময় পর্যন্ত ব্যয় হয়েছে ৪৫২১.৭৭ লক্ষ টাকা (১৩.৭৫%)। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রঃনং | আলোচনা  | সিদ্ধান্ত  | বাস্তবায়ন কর্তৃপক্ষ   |
|--------|---|--|--|
| ৩.১    | <p><b>“মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্প</b></p> <p>সভায় জানানো হয় যে, “মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের আওতায় দারুল আরকাম মাদ্রাসার কার্যক্রম পরিচালনার জন্য শিক্ষক নিয়োগের লক্ষ্যে ইতোমধ্যে নিয়োগ পরিক্ষার কার্যক্রম শুরু করা হয়েছে এবং অক্টোবর' ২০১৭ এর মধ্যে শিক্ষক নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হবে। এ পর্যায়ে অত্র মন্ত্রণালয় হতে জানানো হয় যে, শিক্ষক নিয়োগ কার্যক্রমের পরীক্ষা পদ্ধতি, পরীক্ষার তারিখ ইত্যাদি বিষয় মন্ত্রণালয়কে অবহিত করা হয়নি। এ প্রক্ষিতে ভারপ্রাপ্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় শিক্ষক নিয়োগ কার্যক্রমের বিভিন্ন বিষয়াদি মন্ত্রণালয়কে অবহিত করার ওপর গুরুত্বারূপ করেন।</p> <p>সভায় আলোচ্য প্রকল্পের আওতায় পরিচালিত শিক্ষা কেন্দ্রসমূহের ছাত্র-ছাত্রীদের নাম-ঠিকানা সম্বলিত ডাটা বেইজ তৈরির লক্ষ্যে চাওয়া হলে ইসলামিক ফাউন্ডেশন হতে জানানো হয় যে, ডাটা বেইজ তৈরির লক্ষ্যে শীঘ্ৰই ব্যান্ডউইথ নেয়া হবে। এছাড়া সকল কার্যক্রম ইতোমধ্যে গ্রহণ করা হয়েছে। এ পর্যায়ে ভারপ্রাপ্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ডাটা বেইজ তৈরির লক্ষ্যে প্রয়োজনে আউটসোর্সিং করার বিষয়ে মতামত ব্যক্ত করেন।</p> <p>আলোচ্য প্রকল্পের শিক্ষাকেন্দ্রসমূহ কার্যকর মনিটরিং-এর ওপর সভায় ঐকমত্য প্রতিষ্ঠিত হয়।</p> | <p>ক) “মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের আওতায় দারুল আরকাম মাদ্রাসার কার্যক্রম পরিচালনার জন্য শিক্ষক নিয়োগের কার্যক্রমের বিভিন্ন বিষয়াদি মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।</p> <p>খ) শিক্ষা কেন্দ্রসমূহের ছাত্র-ছাত্রীদের নাম-ঠিকানা সম্বলিত ডাটা বেইজ তৈরির লক্ষ্যে আউটসোর্সিং করা যেতে পারে এবং এ বিষয়ে গৃহীত পদক্ষেপ এবং অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে।</p> <p>গ) সরেজমিনে প্রকল্পের শিক্ষা কেন্দ্রসমূহের কার্যক্রম মনিটরিং এর জন্য প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভায় এ বিষয়টি নিশ্চিত করতে হবে।</p> | <p>মহাপরিচালক,<br/>ইসলামিক<br/>ফাউন্ডেশন ও<br/>প্রকল্প পরিচালক</p> <p>প্রকল্প পরিচালক</p> <p>মহাপরিচালক,</p> |
| ৩.২    | <p><b>মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ-২য় পর্যায় প্রকল্প</b></p> <p>সভায় জানানো হয় যে, “মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ -২য় পর্যায়” শীর্ষক প্রকল্পের ডিপিপি ২৮/০৮/২০১৭ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে এবং প্রকল্পের অনুকূলে অক্টোবর, ২০১৭ মাসে পরিকল্পনা কমিশনে পিইসি সভা অনুষ্ঠিত হবে।</p>   | <p>আলোচ্য প্রকল্পের পিইসি সভা অনুষ্ঠান এবং অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করতে হবে।</p>   | <p>ধর্ম বিষয়ক<br/>মন্ত্রণালয় ও<br/>মহাপরিচালক,<br/>ইসলামিক<br/>ফাউন্ডেশন</p>                               |

চলমান পৃঃ/২)

|     |  |  |  |
|-----|--|--|--|
| ৩.৩ | <p><u>ইসলামী পুষ্টক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, আলোচ্য প্রকল্পের আওতায় মাসভিত্তিক কর্ম-পরিকল্পনা ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। গত ২২/০৮/২০১৭ তারিখে জনবল নিয়োগ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং নিয়োগ সংগ্রান্ত অন্যান্য কাজ শীঘ্ৰই সম্পন্ন করা হবে।</p>   | <p>প্রকল্পের আওতায় নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং আগামী সভায় এতদ্সংক্রান্ত বিষয়ে অগ্রগতি সভায় উপস্থাপন করতে হবে।</p>   | প্রকল্প পরিচালক  |
| ৩.৪ | <p><u>ইসলামিক ফাউন্ডেশনের জাতীয় পর্যায় ও জেলা লাইব্রেরীতে পুষ্টক সংযোজন ও পাঠক সেবা কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প</u></p> <p>প্রকল্প পরিচালক সভায় জানান যে, আলোচ্য প্রকল্পের আওতায় পুষ্টক ক্রয়ের জন্য দরপত্র আহবান করা হয়েছে। এছাড়া সফটওয়্যার তৈরি এবং ডাটা-এন্ট্রি বিষয়ক দরপত্রটি শীঘ্ৰই টেকনিক্যাল কমিটির দ্বারা অক্টোবর, ২০১৭ মাসে আহবান করা হবে।</p>   | <p>প্রকল্পের অনুকূলে কমিটির দ্বারা বাছাইকৃত ইসলামী পুষ্টক, মহান মুক্তিযুদ্ধের ইতিহাস বিষয়ক এবং জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবের রহমান-এর জীবনীভিত্তিক পুষ্টক ক্রয় এবং কমিটি কর্তৃক বাছাইকৃত পুষ্টকের তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ এবং সফটওয়্যার তৈরি ও ডাটা-এন্ট্রির কাজটির কার্যকর অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে।</p> | প্রকল্প পরিচালক  |
| ৩.৫ | <p><u>মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায় প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে প্রকল্পটির ওপর গত ১৮.০৯.২০১৭ তারিখে পরিকল্পনা কমিশনে পিইসি সভা অনুষ্ঠিত হয়। সভাপতি পিইসি সভার কার্যবিবরণীর আলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।</p>  | <p>জবুরি ভিত্তিতে পিইসি সভার কার্যবিবরণী প্রাপ্তি নিশ্চিত এবং তাঁর ওপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>  | ধর্ম বিষয়ক<br>মন্ত্রণালয় ও সচিব,<br>হিন্দু ধর্মীয় কল্যাণ<br>ট্রাস্ট               |
| ৩.৬ | <p><u>ধর্মীয় এবং আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণ প্রকল্প</u></p> <p>সভায় প্রকল্পের আওতায় আর্থ-সামাজিক প্রশিক্ষণ নিশ্চিতকরণ এবং এপিএ ২০১৭-১৮ এর লক্ষ্য অর্জনের জন্য যথাসময়ে যথাসংখ্যক প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করার বিষয়টি আলোচিত হয়।</p>   | <p>প্রকল্পের আওতায় আর্থ-সামাজিক প্রশিক্ষণ নিশ্চিতকরণ এবং এপিএ ২০১৭-১৮ এর লক্ষ্য অর্জনের জন্য যথাসময়ে প্রয়োজনীয় সংখ্যক প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করতে হবে এবং সময়ে সময়ে তা মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।</p>   | প্রকল্প পরিচালক  |
| ৩.৭ | <p><u>প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, আলোচ্য প্রকল্পটি ডিসেম্বর, ২০১৭ মাসে সমাপ্ত হবে। সভায় আরো উল্লেখ করা হয় যে, প্রকল্পটির ২য় পর্যায়ের ডিপিপিতে উত্তরবঙ্গে শিক্ষাকেন্দ্র সংযোজন করার সুপারিশ করা হয়। এ প্রেক্ষিতে অক্টোবর মাসে উত্তরবঙ্গে একটি পরিদর্শনের আলোকে ডিপিপিটি পুনর্গঠন করার বিষয়ে আলোচনা হয়।</p>  | <p>ক) প্রকল্পটি সমাপ্তির জন্য প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p> <p>খ) প্রকল্পটির ২য় পর্যায়ের ডিপিপিটি অনুমোদনের লক্ষ্যে উত্তরবঙ্গে একটি পরিদর্শনের আলোকে ডিপিপিটি পুনর্গঠন করতে হবে।</p>  | প্রকল্প পরিচালক<br><br>ধর্ম বিষয়ক<br>মন্ত্রণালয় ও<br>সচিব, বৌদ্ধ ধর্মীয়<br>কল্যাণ |
| ৩.৮ | <p><u>তৃটি পার্বত্য জেলায় ইসলামিক মিশন হাসপাতাল স্থাপন ও সেবা কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী হাসপাতাল স্থাপনের বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সম্মতি গ্রহণের ক্ষেত্রে বান্দরবান ও খাগড়াছড়ি জেলার জন্য সম্মতি পাওয়া গেছে এবং রাঙামাটি জেলার জন্য সম্মতি পাওয়া যায়নি। এ প্রেক্ষিতে ভারপ্রাপ্ত সচিব মহোদয় ৩টি পার্বত্য জেলায় আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নে সুপারিশ করেন।</p> | <p>আলোচ্য প্রকল্পের আওতায় ৩টি পার্বত্য জেলায় ইসলামিক মিশন হাসপাতাল স্থাপনের বিষয়টি নিশ্চিত করতে হবে। এজন্য রাঙামাটি জেলার জন্য দ্রুত সম্মতি গ্রহণ করে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।</p>   | মহাপরিচালক,<br>ইসলামিক<br>ফাউন্ডেশন  |

|      |  |   |  |
|------|--|---|--|
| ৩.৯  | <p><u>গোপালগঞ্জ ইসলামিক মিশন স্বাস্থ্যসেবা এবং ইমাম প্রশিক্ষণ কমপ্লেক্স স্থাপন প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, প্রকল্পটির ওপর অনুষ্ঠিত পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে ১৯/০৬/২০১৭ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। বর্তমানে প্রকল্পটি অনুমোদনার্থে পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন আছে।</p>   | <p>প্রকল্পটি দুতার সাথে অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে।</p>  | <p>ধর্ম বিষয়ক<br/>মন্ত্রণালয় ও<br/>মহাপরিচালক,<br/>ইসলামিক<br/>ফাউন্ডেশন</p> |
| ৩.১০ | <p><u>সিরতা ,ময়মনসিংহ ও কালকিনী, মাদারীপুর ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স ভবন নির্মাণ এবং বায়তুল মোকাররম ডায়াগনেস্টিক সেন্টার শক্তিশালীকরণ প্রকল্প</u></p> <p>প্রকল্পটির পিইসি সভা ২৪.০৮.২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়েছে। পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি দুতার সাথে পুনর্গঠনের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।</p>   | <p>আলোচ্য প্রকল্পটির ডিপিপি পুনর্গঠনপূর্বক মন্ত্রণালয়ে জরুরিভিত্তিতে প্রেরণ করতে হবে।</p>  | <p>মহাপরিচালক,<br/>ইসলামিক<br/>ফাউন্ডেশন</p>                                   |
| ৩.১১ | <p><u>ময়মনসিংহে ইমাম প্রশিক্ষণ একাডেমী ও বিভাগীয় অফিস স্থাপন প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, প্রকল্পটি এখনও মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েনি। এ বিষয়ে পরিচালক (পরিকল্পনা), ইসলামিক ফাউন্ডেশন সভাকে জানান যে, ময়মনসিংহ এবং কুমিল্লায় ইমাম প্রশিক্ষণ একাডেমী ও বিভাগীয় অফিস স্থাপন প্রকল্পের ডিপিপি একত্রে প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।</p>  | <p>আলোচ্য প্রকল্পের ডিপিপি জরুরিভিত্তিতে প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p>  | <p>মহাপরিচালক,<br/>ইসলামিক<br/>ফাউন্ডেশন</p>                                   |
| ৩.১২ | <p><u>জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্পের মাস্টার প্ল্যান প্রণয়নের জন্য গঠিত কমিটি ০৪.১০.২০১৭ তারিখে প্রকল্পটি পরিদর্শন করবেন। এছাড়া, আলোচ্য প্রকল্পের মাস্টার প্ল্যান প্রণয়নের জন্য গঠিত কমিটির কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।</p>  | <p>জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্পের মাস্টার প্ল্যান প্রণয়নের জন্য গঠিত কমিটির পরিদর্শন কার্যক্রম এবং পরবর্তী ব্যবস্থাপনা দুতার সাথে নিশ্চিত করতে হবে।</p>                | <p>ধর্ম বিষয়ক<br/>মন্ত্রণালয় ও<br/>মহাপরিচালক,<br/>ইসলামিক<br/>ফাউন্ডেশন</p> |
| ৩.১৩ | <p><u>প্রতি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ এবং ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন প্রকল্প</u></p> <p>সভাপতি “প্রতি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ এবং ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন” শীর্ষক প্রকল্পটি দুতার সাথে বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করেন। সভায় উল্লেখ করা হয় যে, ইতোমধ্যে প্রকল্পটির অনুকূলে অত্র মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর অনুমোদনক্রমে প্রশাসনিক আদেশ জারি করা হয়েছে। এ প্রেক্ষিতে প্রকল্পের অনুকূলে অর্থ ছাড় ও অন্যান্য বাস্তবায়ন কার্যক্রম জরুরিভিত্তিতে আরম্ভ করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। বরাদের জন্য পরিকল্পনা কমিশন এবং অর্থনৈতিক সম্পর্কে বিভাগে প্রস্তাব প্রেরণ করা প্রয়োজন।</p> | <p>প্রকল্পের অনুকূলে অর্থ বরাদের প্রস্তাব জরুরিভিত্তিতে অত্র মন্ত্রণালয়ে করতে হবে।</p>   | <p>প্রকল্প পরিচালক</p>   |
| ৩.১৪ | <p><u>বাংলাদেশ ওয়াকফ প্রশাসনের নিজস্ব অর্থায়নে ২০ তলা ভিত্তি বিশিষ্ট ২ টি বেজমেন্ট ফ্লোরসহ ৫ তলা ওয়াকফ ভবনের উর্ধ্বমুখী ৬ষ্ঠ, ৭ম ও ৮ম তলা নির্মাণ প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, আলোচ্য প্রকল্পটি গত ২৪/০৯/২০১৭ তারিখে মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে। প্রকল্পটির অনুকূলে জরুরিভিত্তিতে অনুমোদন আদেশ জারি করার বিষয়ে সভায় মতামত প্রকাশ করা হয়।</p>  | <p>প্রকল্পটির অনুকূলে জরুরিভিত্তিতে অনুমোদন আদেশ জারি করতে হবে।</p>   | <p>ধর্ম বিষয়ক<br/>মন্ত্রণালয়</p>   |
| ৩.১৫ | <p><u>আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুন:নির্মাণ প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুন:নির্মাণ প্রকল্পের স্থাপত্য নকশা প্রণয়নের জন্য গঠিত কমিটি ০৪.১০.২০১৭ তারিখে প্রকল্পটি পরিদর্শন করবেন। এছাড়া, সভাপতি মহোদয় আলোচ্য প্রকল্পের স্থাপত্য নকশা প্রণয়নের জন্য গঠিত কমিটির কার্যক্রম অব্যাহত রাখা এবং প্রকল্পের কাজ দুত আরম্ভ করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।</p>  | <p>আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুন:নির্মাণ প্রকল্পের স্থাপত্য নকশা প্রণয়নের জন্য গঠিত কমিটির পরিদর্শন কার্যক্রম এবং পরবর্তী ব্যবস্থাপনা দুতার সাথে নিশ্চিত করতে হবে।</p> | <p>মহাপরিচালক,<br/>ইসলামিক<br/>ফাউন্ডেশন ও<br/>ধর্ম বিষয়ক<br/>মন্ত্রণালয়</p> |

|      |   |  |  |
|------|---|--|--|
| ৩.১৬ | <p><u>ডিজিটাল ইনফরমেশন সিস্টেম ও ছাপাখানা আধুনিকীকরণ প্রকল্প</u></p> <p>সভায় পরিচালক (পরিকল্পনা), ইসলামিক ফাউন্ডেশন জানান যে, আলোচ্য প্রকল্পের ডিজিটাল ইনফরমেশন সিস্টেম ও ছাপাখানা আধুনিকীকরণ বিষয়টির কাজের প্রকৃতি ভিন্ন হওয়ায় পৃথকভাবে ডিপিপি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। এ প্রেক্ষিতে ভারপ্রাপ্ত সচিব মহোদয় উল্লেখ করেন যে, আলোচ্য প্রকল্পটি দু'টি কম্পোনেন্ট এর আওতায় প্রস্তুতপূর্বক একটি ডিপিপি প্রণয়ন করে অনুমোদনার্থে পরিকল্পনা কমিশনে প্রেরণ করার বিষয়ে সভায় ঐকমত্য পোষণ করা হয়। একই সাথে ইতোপূর্বে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী মাল্টিপ্ল ল্যাংগুয়েজ ল্যাব এ প্রকল্পের আর একটি কম্পোনেন্ট হিসাবে প্রদর্শন করা যেতে পারে।</p> | <p>প্রকল্পটি দু'টি/তিনটি কম্পোনেন্ট এর আওতায় প্রস্তুতপূর্বক একটি ডিপিপি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p>   | <p>মহাপরিচালক,<br/>ইসলামিক<br/>ফাউন্ডেশন</p>                                     |
| ৩.১৭ | <p><u>বায়তুল মোকাররম মসজিদ কমপ্লেক্স পুনঃ নির্মাণ প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, বায়তুল মোকাররম মসজিদের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য ইতোমধ্যে সম্পাদিত প্রকল্পের মূল কাজের মাস্টার প্ল্যান স্থপতি সংসদ লি: হতে সংগ্রহ করা হয়েছে। উক্ত মাস্টার প্ল্যান এর একটি কপি মন্ত্রণালয়ে সংরক্ষণের জন্য সভায় গুরুত্বারূপ করা হয়।</p>   | <p>আলোচ্য প্রকল্পের মাস্টার প্ল্যান এর কপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং ইসলামিক ফাউন্ডেশন হতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>                     | <p>মহাপরিচালক ,<br/>ইসলামিক<br/>ফাউন্ডেশন</p>                                    |
| ৩.১৮ | <p><u>হাফেজদের জন্য শিক্ষা কার্যক্রম চালুকরণ প্রকল্প</u></p> <p>সভায় আলোচ্য প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ না করার কারণ জানতে চাওয়া হলে পরিচালক (পরিকল্পনা), ইসলামিক ফাউন্ডেশন জানান যে, প্রকল্পটির ডিপিপি প্রণয়ন করা হয়েছে, অতিসুব্রত তা মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।</p>  | <p>“হাফেজদের জন্য শিক্ষা কার্যক্রম চালুকরণ প্রকল্প শীর্ষক প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p>   | <p>মহাপরিচালক ,<br/>ইসলামিক<br/>ফাউন্ডেশন</p>                                    |
| ৩.১৯ | <p><u>ঐতিহ্যবাহী পুরাতন মন্দির পুণ্যনির্মাণ/মেরামত/সংস্কার কর্মসূচি</u></p> <p>সভায় আলোচনা করা হয় যে, আলোচ্য বিষয়ে ইতোমধ্যে ২০০ কোটি টাকার সংস্থান রেখে একটি কর্মসূচি অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। ভারপ্রাপ্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় জানান যে, কর্মসূচির আওতায় প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম এখন বক্ত আছে। এ প্রেক্ষিতে সভায় উল্লেখ করা হয় যে, অর্থ বিভাগ কর্তৃক উক্ত কর্মসূচি অনুমোদিত না হলে পৃথকভাবে ডিপিপি প্রণয়ন করা হবে।</p>   | <p>আলোচ্য প্রকল্পের আওতায় অর্থ বিভাগের জবাবের আলোকে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>  | <p>ধর্ম বিষয়ক<br/>মন্ত্রণালয় ও<br/>সচিব, হিন্দু ধর্মীয়<br/>কল্যাণ ট্রাস্ট</p> |
| ৩.২০ | <p><u>বিবিধ :</u></p> <p>সভায় উল্লেখ করা হয় যে, আগামীতে এডিপিভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যপত্রে এডিপি'র সাথে সংগতিপূর্ণ করে প্রকল্পের আর্থিক ও ভৌত অগ্রগতির বিষয়টি উল্লেখ করতে হবে।</p>   | <p>এডিপিভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার জন্য প্রতি মাসে প্রকল্পের আর্থিক ও ভৌত অগ্রগতির তথ্য পারসেন্টেজ আকারে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p> | <p>সকল সংস্থা ও<br/>প্রকল্প পরিচালক</p>  |

৪। আর কেন আলোচ্য বিষয় না থাকায় মানবীয় মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সংশ্লিষ্ট সংস্থাসমূহের সকল কর্মকর্তা-কর্মচারীকে স্ব-স্ব দায়িত্ব সময়মত ও সুষ্ঠুভাবে সম্পাদনের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-০৫/১০/২০১৭ খ্রি.

অধ্যক্ষ মতিউর রহমান

মন্ত্রী

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

(চলমান পৃঃ/৫)

নম্বর-১৬.০০.০০০০.০০৮.০৮.০৪২.১৪.৩৯৫৮

তারিখ: ০৮.১০.২০১৭ খ্রি.

অনুলিপি: জাতার্থে ও কার্যার্থে (জ্যোষ্ঠাতার ক্রমানুসারে নয়)।

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
 ০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃ আঃ যুগ্মসচিব, বাজেট-০৭]।  
 ০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
 ০৪। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।  
 ০৫। ওয়াকফ প্রশাসক, ওয়াকফ প্রশাসকের কার্যালয়, ৪, নিউ স্টার্টন, ঢাকা।  
 ০৬। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।  
     [দৃঃ আ: জনাব হাসনাত সাবরিনা, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প সার্কেল-২]।  
 ০৭। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।  
     [দৃঃ আ: জনাব সৈয়দ রেজাউল মোর্শেদ, সহকারী প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর সার্কেল-১, বিভাগ-৩]।  
 ০৮। যুগ্ম-সচিব( হজ্জ/সংস্কা/উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
 ০৯। মহাপরিচালক, শিক্ষা ও সামাজিক সেক্টর, শেরে বাংলা নগর, ঢাকা।  
 ১০। যুগ্ম-প্রধান-২, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।  
 ১১। যুগ্ম-প্রধান, শিক্ষা উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।  
 ১২। পরিচালক-১০, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।  
 ১৩। উপসচিব (উন্নয়ন/বাজেট), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
 ১৪। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
 ১৫। প্রকল্প পরিচালক, মসজিদি ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।  
 ১৬। প্রকল্প পরিচালক, “মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪ৰ্থ পর্যায়” শীর্ষক প্রকল্প, ঢাকা।  
 ১৭। প্রকল্প পরিচালক “প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা” শীর্ষক প্রকল্প,  
     জোবেদো ভিলা (২য় তলা), ৬৭/৪, এ পাইওনিয়ার রোড, কাকরাইল, ঢাকা।  
 ১৮। প্রকল্প পরিচালক, “ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতাবৃদ্ধিকরণ”  
     শীর্ষক প্রকল্প, ৮৮২ (২য় তলা), শহীদবাগ, শাহজাহানপুর, ঢাকা।  
 ১৯। প্রকল্প পরিচালক, মসজিদি পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।  
 ২০। প্রকল্প পরিচালক, ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।  
 ২১। প্রকল্প পরিচালক, “ইসলামিক ফাউন্ডেশনের জাতীয় পর্যায় ও জেলা লাইবেরীতে পুস্তক সংযোজন ও  
     পাঠক সেবা কার্যক্রম সম্প্রসারণ” শীর্ষক প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।  
 ২২। সচিব, হিন্দু/বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।  
 ২৩। পরিচালক, পরিকল্পনা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।  
 ২৪। ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলা দেশ সচিবালয়, ঢাকা।  
 ২৫। সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
 ২৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় ভবন ৩য় ফেজ, সেগুন বাগিচা, ঢাকা।  
 ২৭। সহকারী প্রোগ্রামার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হ'ল)।  
 ২৮। অফিস কপি/মাস্টার কপি।

বিত্তিবস্তু  
০৮/১০/১৭  
ভংগ্রা মোহাম্মদ রেজাউর রহমান ছিদ্রিকি  
সিনিয়র সহকারী প্রধান  
ফোনঃ ৯৫৭৭২৩৭